রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

প্রকা/শানিবি-১৫০/২০১৮-২০১৯/৫৭৫(৪০০) তারিখ: ২২.১০.২০১৯

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, এলপিও, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস এর Upgaded Version বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ২১ অক্টোবর ২০১৯ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং-৩/২০১৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উক্ত সার্কুলার লেটারের বর্ণনা মোতাবেক বর্তমানে বাংলাদেশে কার্যরত বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস এর Application আপগ্রেডেশন সম্পন্ন করা হয়েছে। অটোমেটেড ক্লিয়ারিং হাউস এর আপডেটকৃত Application এর কার্যক্রম আগামী ২৪ অক্টোবর ২০১৯ তারিখ হতে শুরু হবে বিধায় বাংলাদেশ ব্যাংকের বর্ণিত সার্কুলার লেটারে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করত: এতদসংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

নির্দেশক্রমে-

সংযুক্তি: বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

২২.১০.২০১৯
(শেখ মোঃ নূরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-৭১/২০১৯-২০২০/৫৭৫(৪০০)/৫০ তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। অফিস নথি।

২২.১০.২০১৯
(মোঃহাম্মদ মনিরুল ইসলাম)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং-৩/২০১৯

তারিখ ঃ ২১ অক্টোবর ২০১৯
৫ কার্তিক ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস এর Upgraded Version বাস্তবায়ন প্রসঙ্গে।

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যমান চাহিদার সাথে সামঞ্জস্য রক্ষার্থে বর্তমানে কার্যরত বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ এর Application আপগ্রেডেশন সম্পন্ন করা হয়েছে যার কার্যক্রম আগামী ২৪ অক্টোবর ২০১৯ তারিখ হতে শুরু হবে। এতদ্‌উদ্দেশ্যে, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো যাচ্ছে ঃ

১। **স্থানীয় মুদ্রার চেক ক্লিয়ারিং ঃ** বর্তমানে প্রচলিত 'BACPS Operating Rules & Procedure' এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহ যথাযথভাবে পরিপালন করে স্থানীয় মুদ্রার চেক ক্লিয়ারিং কার্যক্রম পরিচালিত হবে।

২। **EFT Multi-session ঃ** নতুন ব্যবস্থায় EFT লেনদেন প্রতিদিন ২টি সেশনে স্থানীয় মুদ্রায় সম্পন্ন করা হবে, যার প্রথমটি রাত ১২:০১ মিনিট হতে দুপুর ২:০০ মিনিট পর্যন্ত এবং দ্বিতীয়টি দুপুর ২:০১ মিনিট হতে রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত পরিচালিত হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেন পৃথক পৃথক ফাইলের মাধ্যমে অর্থাৎ একই ফাইলে উভয় প্রকার লেনদেন অন্তর্ভুক্ত না করে উপস্থাপন করতে হবে। ডেবিট ও ক্রেডিট লেনদেনের ক্ষেত্রে পরবর্তী সেশন (Next Available Session)-এর মধ্যে Return কার্যক্রম সম্পন্ন করতে হবে।এতদ্‌ব্যতীত অন্যান্য ক্ষেত্রে EFT লেনদেন বর্তমানে প্রচলিত 'BEFTN Operating Rules' এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে পরিচালিত হবে।

৩। নতুন BACH এর আনুষ্ঠানিক কার্যারম্ভ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৫/১০/২০১৯ তারিখ (শুক্রবার) ও ২৬/১০/২০১৯ তারিখ (শনিবার) তফসিলি ব্যাংকসমূহের চেক ও ইএফটি প্রসেসিং ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অফিসে উপস্থিত থাকতে হবে।

৪। চূড়ান্ত কার্যারম্ভের পরিকল্পনা নিম্নরূপ ঃ

EFT

৪.১। পুরাতন BACH এ EFT Outward পাঠানোর শেষ সময় হবে ২২/১০/২০১৯ তারিখ ২৩:৫৯ ঘটিকা (রাত ১১:৫৯ মিনিট) পর্যন্ত;

৪.২। পুরাতন BACH এ EFT Outward Return পাঠানোর শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকা পর্যন্ত। বর্ণিত সময়ের মধ্যে অংশগ্রহণকারী সকল তফসিলি ব্যাংক পুরাতন BACH এর সকল অনিস্পন্ন EFT Outward Return প্রেরণ সম্পন্ন করবে। EFT সংশ্লিষ্ট Net Settlement রিপোর্ট ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকায় প্রদান করা হবে।

Cheque

৪.৩। পুরাতন BACH এ High Value চেক প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১২:০০ ঘটিকা (দুপুর ১২:০০ মিনিট) পর্যন্ত এবং High Value চেক Return প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১৫:৩০ ঘটিকা (দুপুর ৩:৩০ মিনিট) পর্যন্ত;

চলমান পাতা / ২

৪.৪। পুরাতন BACH এ Regular Value চেক প্রদানের শেষ সময় হবে ২৩/১০/২০১৯ তারিখ ১২:৩০ (দুপুর ১২:৩০ মিনিট) ঘটিকা পর্যন্ত এবং Regular Value চেক Return প্রদানের শেষ সময় ২৩/১০/২০১৯ তারিখ ১৭:০০ (বিকাল ৫:০০ মিনিট) ঘটিকা পর্যন্ত;

৫। বর্ণিত সকল প্রকার Cut Off সময় অপরিবর্তিত থাকবে।

৬। ২৩/১০/২০১৯ তারিখ ১৮:০০ (সন্ধ্যা ৬:০০ মিনিট) ঘটিকা থেকে Online Enquiry ব্যতীত পুরাতন BACH এর অন্য সকল কার্যক্রম বন্ধ থাকবে;

৭। ২৪/১০/২০১৯ তারিখ ০০:০০ (রাত ১২:০০ মিনিট) ঘটিকা থেকে নতুন BACH এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হবে;

৮। ২৪/১০/২০১৯ তারিখ হতে ২৯/১০/২০১৯ তারিখ পর্যন্ত চেক এর রিপ্রেজেন্টমেন্ট বন্ধ থাকবে। পুরাতন BACH এর Returned চেক সমূহের ক্ষেত্রে ব্যাংকগুলো পারস্পরিক যোগাযোগের মাধ্যমে নিকাশ সম্পন্ন করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-৯৫৩০৬১১